লালমণিরহাটে রওশন এরশাদের কুশপুত্তুলিকা দাহ

প্রায়ত সাবেক রাষ্ট্রপতি এইচএম এরশাদের সহধর্মীনি রওশন এরশাদকে অবাঞ্ছিত ঘোষণা করে কুশপুতুল দাহ করেছে লালমনিরহাট জেলা জাতীয় পার্টির জিএম কাদের গ্রুপ। শহরের আলোরুপা মোড়ে জেলা জাপা জেলা কার্যালয়ের সামনে জিএম কাদের গ্রুপের বিক্ষুব্ধ নেতাকর্মীরা তার কুশপুতুল দাহ করে।

এসময় বিক্ষুব্ধ জাপার নেতাকর্মীরা জানান, জাতীয় পার্টির প্রায়ত চেয়ারম্যান এইচএম এরশাদ মৃত্যুর আগে তার ছোট ভাই জিএম কাদেরকে পার্টির চেয়ারম্যান ঘোষণা করে যান। সেই থেকে দলকে সুসংগঠিত করতে নিরলস কাজ করছেন তিনি। কিন্তু গত বৃহস্পতিবার হঠাৎ রাজধানী ঢাকায় এক সংবাদ সম্মেলন করে জাপার এমপি রওশন এরশাদ গঠনতন্ত্র বহির্ভূত ভাবে নিজেকে জাতীয় পার্টির চেয়ারম্যান ও মসিউর রহমান রাঙ্গাকে মহাসচিব ঘোষণা করেন।

এমপি রওশন এরশাদের এমন ঘোষণায় বিক্ষুব্ধ জেলা জাতীয় পার্টির জিএম কাদের গ্রুপের নেতাকর্মীরা লালমনিরহাট জেলা জাপা কার্যালয়ের সামনে রওশন এরশাদের কুশপুতুল দাহ করে রওশন বিরোধী বিভিন্ন স্লোগান দেন।

এ সময় জেলা জাতীয় পার্টির সদস্য সচিব সেকেন্দার আলী বক্তব্যে রওশন এরশাদকে জাতীয় পার্টি থেকে অবাঞ্ছিত ঘোষণা করেন।
এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, লালমনিরহাট পৌর জাপা সভাপতি অ্যাডভোকেট নজরুল ইসলাম, সম্পাদক জাহিদ হাসান ডাবলু, সদস্য নুরুল আমিন দুদু, নজরুল ইসলাম বাদশা ও জেলা জাতীয় যুব সংহতির আহ্বায়ক গোলাম মোস্তফা প্রমুখ।